বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা - ১২১৫

ফ্যাক্স : ৮১৮০০০৩
ফোন: ৮১৮০০০৮
Website: www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৬০১.২৫.১১১.১২-৭২০৭

তারিখ: ০৯/১০/২০১৮ খ্রিঃ

বিষয়: ২০১৮-১৯ অর্থবছরে সমবায়ী/সুফলভোগী সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের বাজেট বিভাজন ও মডিউল প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি'র সমবায়ী/সুফলভোগী সদস্যদের ২০১৮-২০১৯ অর্থবছরে প্রশিক্ষণের জন্য উপজেলা সমূহে বাজেট শাখা হতে প্রতি ব্যচে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা হিসেবে ২টি ব্যাচের জন্য মোট ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ নিম্নবর্ণিত নির্দেশনা, এতদসঙ্গে প্রেরিত বাজেট বিভাজন ও মডিউল অনুসরণ পূর্বক ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

১) প্রশিক্ষণের সময়ঃ সমবায়ী/সুফলভোগীদের ১ম ব্যাচের প্রশিক্ষণ অক্টোবর ২০১৮ হতে ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে এবং ২য় ব্যাচের প্রশিক্ষণ ১লা জানুয়ারি ২০১৯ হতে ৩০ এপ্রিল ২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

২) প্রশিক্ষণ পঞ্জিকাঃ ১ম ও ২য় ব্যাচের প্রশিক্ষণের জন্য এতদসংযুক্ত ছক মোতাবেক উপজেলার প্রশিক্ষণ পঞ্জিকা (তারিখসহ) প্রণয়ন পূর্বক ১৫ অক্টোবর, ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে জেলার উপপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট জেলার উপপরিচালক নিয়ন্ত্রণাধীন উপজেলা সমূহের তথ্যের আলোকে জেলার প্রশিক্ষণ পঞ্জিকা প্রস্তুত করে প্রশিক্ষণ বিভাগে প্রেরণ করবেন। যৌক্তিক কারণে কোন উপজেলার প্রশিক্ষণের তারিখ পরিবর্তন হলে প্রশিক্ষণের পূর্বে পরিবর্তিত তারিখ সদর দপ্তরকে অবহিত করতে হবে।

৩) অনুমোদনঃ প্রশিক্ষণ অনুষ্ঠানের পূর্বে প্রশিক্ষণের তারিখ, সময়, স্থান, প্রশিক্ষণার্থীর তালিকা (প্রয়োজনে অপেক্ষমান তালিকাসহ), প্রশিক্ষণের বিষয়, প্রশিক্ষক ও বাজেট প্রস্তাবনা জেলার উপপরিচালক কর্তৃক অনুমোদিত হতে হবে।

৪) প্রশিক্ষণার্থী মনোনয়নঃ প্রতি ব্যাচে ৩০ জন হিসেবে বছরে মোট ৬০ জন সমবায়ী/সুফলভোগী সদস্যকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাপ্তাহিক স্টাফ মিটিংয়ে সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে প্রশিক্ষণার্থী নির্বাচন করবেন যা স্টাফ মিটিংয়ের কার্যবিবরণীতে লিপিবদ্ধ থাকবে। প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে সক্রিয় এবং ইতোপূর্বে প্রশিক্ষণ গ্রহণ করেননি এমন সদস্যদের অগ্রাধিকার দিতে হবে। কোন প্রশিক্ষণার্থীকে কোনক্রমেই ১ম ও ২য় উভয় ব্যাচে প্রশিক্ষণের জন্য মনোনীত করা যাবে না। প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে ২০জন ইউসিসিএভূক্ত সমবায় সমিতির সদস্য এবং ১০জন অন্যান্য সমাপ্ত প্রকল্প/কর্মসূচির সদস্য মনোনীত করতে হবে। তবে নবগঠিত উপজেলা সমূহে ইউসিসিএ'র কার্যক্রম শুরু না হলে সমাপ্ত কিন্তু কার্যক্রম চলমান প্রকল্প/কর্মসূচির সদস্য হতে সকল প্রশিক্ষণার্থী মনোনীত করা যাবে।

৫) প্রশিক্ষণের বিষয়ঃ প্রশিক্ষণের বিষয়ের জন্য এতদসঙ্গে সংযুক্ত মডিউল অনুসরণ করতে হবে। তবে স্থানীয় চাহিদা/ভৌগলিক অবস্থানের ভিত্তিতে প্রশিক্ষণের বিষয় নির্ধারণ করা যেতে পারে।

৬) প্রশিক্ষকঃ প্রশিক্ষণের দিন সংশ্লিষ্ট জেলার উপপরিচালক/উপজেলা নির্বাহী অফিসারকে প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিতি নিশ্চিত করতে হবে। তবে এক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধি/জেলা প্রশাসন/পুলিশ প্রশাসন/ সদর দপ্তরের জেলা তদারকী কর্মকর্তার উপস্থিতি গ্রহণযোগ্য। প্রতি ব্যাচ প্রশিক্ষণে বিআরডিবির উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ ১টির বেশী অধিবেশন পরিচালনা করতে পারবে না। অন্যান্য বিষয় ভিত্তিক প্রশিক্ষণের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে জাতি গঠনমূলক অন্যান্য বিভাগের দক্ষ কর্মকর্তাগণ প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন।

৭) তদারকীঃ জেলা দপ্তর হতে প্রেরিত বার্ষিক প্রশিক্ষণ পঞ্জিকা মোতাবেক সদর দপ্তর হতে প্রশিক্ষণ কার্যক্রম সরেজমিনে বা টেলিফোনে তদারকী করা হবে। এছাড়া জেলার উপপরিচালকগণ প্রশিক্ষণের বিষয়টি টেলিফোনে/সরেজমিনে নিবিড়ভাবে তদারকী করবেন এবং পরিদর্শনকালে প্রশিক্ষণ সংক্রান্ত দলিলপত্রাদি পরীক্ষা করবেন।

৮) ডকুমেন্টেশনঃ প্রশিক্ষণ শেষে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের হাজিরা (মোবাইল ফোন নম্বরসহ), সম্মানী প্রদানের মাস্টাররোল, যাবতীয় ব্যয়ের ভাউচার, ব্যানারসহ প্রশিক্ষণার্থীদের ছবি সংরক্ষণ করতে হবে।

৯) প্রতিবেদন প্রেরণঃ প্রশিক্ষণ শেষে উপজেলা ভিত্তিক প্রশিক্ষণার্থীদের তালিকা, ব্যানারসহ প্রশিক্ষণার্থীদের ছবি এবং খরচের প্রতিবেদন (স্মারক নং-১২৯৯ তারিখ ০৬/০৩/২০১৩ খ্রি. মূলে প্রেরিত বিদ্যমান ছক মোতাবেক) জেলা দপ্তরে একীভূত করে ১ম ব্যাচের প্রতিবেদন ৫ জানুয়ারি ২০১৯ এবং ২য় ব্যচের প্রতিবেদন ৫ মে ২০১৯ তারিখের মধ্যে প্রশিক্ষণ বিভাগে প্রেরণ করতে হবে।

১০) অন্যান্যঃ

- প্রশিক্ষণের সময় সংশ্লিষ্ট সমিতির নিয়মিত উঠান বৈঠক, শেয়ার ক্রয়, সঞ্চয় জমা ও ঋণ পরিশোধের বিষয়ে পর্যালোচনা করতে হবে এবং প্রশিক্ষণের ব্যয়ের তুলনায় শেয়ার ক্রয়, সঞ্চয় জমা ও ঋণ পরিশোধের ধারাবাহিক উন্নতি থাকতে হবে।
- প্রতিটি প্রশিক্ষণের সময় অবশ্যই প্রশিক্ষণের তারিখ সম্বলিত আলাদা ব্যানার ব্যবহার করতে হবে।
- প্রশিক্ষণের যাবতীয় ব্যয়ের ক্ষেত্রে এতদসঙ্গে প্রেরিত বাজেট বিভাজন অনুসরণ, সরকারী বিধি বিধান পালনসহ স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।
- প্রশিক্ষণ সুষ্ঠুভাবে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করার জন্য প্রয়োজনে সদর দপ্তরে প্রশিক্ষণ বিভাগে যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তি :-

১) বাজেট বিভাজন
২) প্রশিক্ষণ মডিউল
৩) প্রশিক্ষণ পঞ্জিকা ছক

সৈয়দ মজিবুল হক
(যুগ্ম-সচিব)
পরিচালক (প্রশিক্ষণ)
ফোন: ৮১৮০০০৮

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
.............. উপজেলা, ................ জেলা (সকল)।

অনুলিপি:

১। উপপরিচালক (সকল), বিআরডিবি, ...................... জেলাদপ্তর (বর্ণিত প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠু ও কার্যকরভাবে আয়োজনের বিষয়টি নিয়মিত তদারকি করার জন্য অনুরোধ করা হলো)।
২। পরিচালক (অর্থ/সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
৩। জেলা তদারকী কর্মকর্তা, .................................. জেলা (সকল)।
৪। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬। অফিস নথি।

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫ কাওরান বাজার, ঢাকা - ১২১৫

ফ্যাক্স : ৮১১৮০০০৩

ফোন: ৮১১৮০০০৮

Website: www.brdb.gov.bd


২০১৮-২০১৯ অর্থ বছরে বিআরডিবি'র সমবায়ী/সুফলভোগী সদস্যদের উপজেলা পর্যায়ে প্রশিক্ষণের বাজেট বিভাজন।

| ক্রমঃ | ব্যয়ের খাত | ব্যয়ের বিভাজন | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | প্রশিক্ষণার্থীদের দৈনিক প্রশিক্ষণ ভাতা | ৩০০/-X ৩০ জনX ১দিন | ৯,০০০/- | |
| ২ | প্রশিক্ষক সম্মানী ভাতা | ১,০০০/-X ৪ | ৪,০০০/- | |
| ৩ | চা-নাস্তা | ৪০/-X ৪০ জন | ১,৬০০/- | |
| ৪ | বিবিধ (প্রশিক্ষণ সামগ্রী, ব্যানার) | | ১,৪০০/- | প্রশিক্ষণের তারিখসহ ব্যানার |
| | | মোট | ১৬,০০০/- | |
| | প্রতি উপজেলায় | ১৬,০০০/-X ২ ব্যাচ | ৩২,০০০/- | |

প্রতি উপজেলায় ২০১৮-২০১৯ অর্থ বছরে ব্যাচ প্রতি ব্যয় ১৬,০০০/-টাকা। যা ১ম ব্যাচ অক্টোবর ২০১৮ হতে ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে এবং ২য় ব্যাচ ১লা জানুয়ারি ২০১৯ হতে ৩০ এপ্রিল ২০১৯ তারিখের মধ্যে ব্যায় করতে হবে। প্রশিক্ষণের যাবতীয় ব্যয়ের ক্ষেত্রে এতদসঙ্গে প্রেরিত বাজেট বিভাজন অনুসরণ, সরকারী বিধি বিধান পালনসহ স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।

৯/১০/১৮

সৈয়দ মজিবুল হক

(যুগ্ম-সচিব)

পরিচালক (প্রশিক্ষণ)

ফোন: ৮১১৮০০০৮

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা - ১২১৫
ফ্যাক্স : ৮১৮০০০৩
ফোন: ৮১৮০০০৮
Website: www.brdb.gov.bd

## ২০১৮-১৯ অর্থবছরে সমবায়ী/সুফলভোগীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক ১দিনের মডেল প্রশিক্ষণ মডিউল

| তারিখ ও দিন | প্রশিক্ষণ সূচি | সেশন নং | সম্ভাব্য আলোচ্য সূচি | প্রশিক্ষণ পদ্ধতি | রিসোর্স পার্সোন |
|---|---|---|---|---|---|
| | সকাল ০৯:০০-১০:০০ | ১ম | • বিআরডিবি'র পরিচিতিঃ ঐতিহাসিক পটভূমি, ভিশন, মিশন, কার্যক্রম, চলমান প্রকল্প/কর্মসূচি ও অর্জন এবং বিআরডিবি'র সমবায়ী/সুফলভোগীদের অধিকার ও করণীয়।<br>• বিআরডিবি সম্পর্কিত অন্যান্য বিষয়। | লেকচার, দলীয় আলোচনা, ডিডিও প্রদর্শন, পারস্পরিক শিখন ইত্যাদি | উপপরিচালক, বিআরডিবি |
| | | | • সমিতি/দলের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক সচেতনা সৃষ্টি, যৌতুক নিরোধ, নারী ও শিশু নির্যাতন রোধ, মাদক নিয়ন্ত্রণ, জঙ্গীবাদ বিরোধীসহ অন্যান্য বিষয়ে আলোচনা।<br>• সর্টিফিকেট মামলা কি ও কেন? সরকারী অর্থ পরিশোধের গুরুত্ব এবং পরিশোধ না করলে শাস্তিসমূহ।<br>• স্থানীয় চাহিদার ভিত্তিতে জন সচেতনামূলক অন্যান্য বিষয়। | | স্থানীয় জনপ্রতিনিধি/ উপজেলা নির্বহী কর্মকর্তা/ জেলা প্রশাসন/ পুলিশ প্রশাসনের কর্মকর্তাবৃন্দ |
| | সকাল ১০:০০-১১:০০ | ২য় | • সমবায় সমিতি ও দল কি? পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে সমবায় সমিতি/দলের ভূমিকা। সমিতি/দলের নেতৃত্ব নির্বাচন ও রেজিস্টার/ খাতাপত্র সংরক্ষণের গুরুত্ব।<br>• ক্ষুদ্র সঞ্চয় ও ক্ষুদ্রঋণ কি? সমিতি/দলের সদস্যদের ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে মূলধন গঠন, ক্ষুদ্রঋণ বিনিয়োগ ও উৎপাদিত পণ্য বাজারজাতকরণ বিষয়ে আলোচনা।<br>• সাপ্তাহিক আদায়শীট (WCS) ও পাশবহি কি? সঞ্চয় জমা ও ঋণ পরিশোধে সাপ্তাহিক আদায়শীট (WCS) ও পাশবহির গুরুত্ব ও সদস্যদের করণীয়।<br>• ঋণ বিতরণ, আদায় ও হিসাব রক্ষণে সমিতি/দলের ম্যানেজারের ভুমিকা।<br>• ঋণ গ্রহণের পূর্বে ও পরে সমবায়ী/সুফলভোগীদের করণীয় এবং ঋণের অর্থ হস্তমজুদ/আত্মসাৎ ও ঋণ খেলাপী রোধে সমবায়ী/সুফলভোগীদের ভূমিকা।<br>• সাংগঠনিক, মূলধন গঠন ও ঋণ কার্যক্রম, প্রশিক্ষণসহ বিআরডিবি'র কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়। | লেকচার, দলীয় আলোচনা, ডিডিও প্রদর্শন, পারস্পরিক শিখন ইত্যাদি | উপপরিচালক (বিআরডিবি)/ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | সকাল ১১:০০-১১:১৫ | | নাস্তা বিরতি | | |
| | সকাল ১১:১৫-১২:১৫ | ৩য় | • অধুনিক পদ্ধতিতে মৌসুম ভিত্তিক বিভিন্ন ফসল/ফুল/ফল চাষের কৌশল ও করণীয়সমূহ।<br>• নিরাপদ সবজী/ফসল উৎপাদনে জৈব সার ও বালাইনাশক প্রস্তুত ও ব্যবহার, কেঁচো কম্পোস্ট তৈরী ও ব্যবহার প্রভৃতি।<br>• কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহারে সমিতি/দলের ভুমিকা।<br>• বিভিন্ন প্রকার মৎস্য চাষ বিষয়ে আলোচনা। যেমন-মাছ চাষের জন্য পানির গুনাগুন, আতুর ও চারা পুকুর ব্যবস্থাপনা। পুকুরে মনোসেক্স তেলাপিয়া/থাই কই/পাঙ্গাস মাছের চাষ।<br>• গবাদী পশু, হাঁস-মুরগী পালন, প্রতিষেধকের ব্যবহার ।<br>• গরু মোটাতাজাকরণ, হাঁস-মুরগীর মাংস ও ডিমের উৎপাদনের মাধ্যমে পারিবারিক আমিষের চাহিদা পূরণে করণীয়সমূহ।<br>• স্থানীয় চাহিদানুসারে সংশ্লিষ্ট বিভাগের সাথে আলোচনাক্রমে মৌসুম ভিত্তিক অন্যান্য বিষয় নির্ধারণ করা যেতে পারে। | লেকচার, দলীয় আলোচনা, ডিডিও প্রদর্শন, পারস্পরিক শিখন ইত্যাদি | উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা পশুসম্পদ কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট বিষয়ে উপজেলা পর্যায়ের অন্য কোন দক্ষ কর্মকর্তা । |
| | দুপুর ১২:১৫-০১:১৫ | ৪র্থ | | | |

সৈয়দ মজিবুল হক
(যুগ্ম-সচিব)
পরিচালক (প্রশিক্ষণ)

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

## ২০১৮-১৯ অর্থ বছরে সমবায় সমবায়ী/সুফলভোগী সদস্যদের ব্যাচ ভিত্তিক প্রশিক্ষণ পঞ্জিকা 'ছক'

জেলার নামঃ

| ক্রমঃ | উপজেলার নাম | ১ম ব্যাচ (প্রশিক্ষণের সম্ভাব্য তারিখ উল্লেখ করতে হবে) | | | | | | ২য় ব্যাচ (প্রশিক্ষণের সম্ভাব্য তারিখ উল্লেখ করতে হবে) | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জুলাই/১৮ | আগস্ট/১৮ | সেপ্টেঃ/১৮ | অক্টোঃ/১৮ | নভেঃ/১৮ | ডিসেঃ/১৮ | জানুঃ/১৯ | ফেব্রুঃ/১৯ | মার্চ/১৯ | এপ্রিল/১৯ | মে/১৯ | জুন/১৯ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৫ | ১৬ |
| ১ | | × | × | × | | | | | | | | × | × | |
| ২ | | × | × | × | | | | | | | | × | × | |
| ৩ | | × | × | × | | | | | | | | × | × | |
| ৪ | | × | × | × | | | | | | | | × | × | |
| ৫ | | × | × | × | | | | | | | | × | × | |
| ৬ | | × | × | × | | | | | | | | × | × | |
| ৭ | | × | × | × | | | | | | | | × | × | |

** যৌক্তিক কারণে কোন উপজেলার প্রশিক্ষণের তারিখ পরিবর্তন হলে প্রশিক্ষণের পূর্বে পরিবর্তিত তারিখ সদর দপ্তরকে অবহিত করতে হবে।

সৈয়দ মজিবুল হক
(যুগ্ম-সচিব)
পরিচালক (পরিকল্পনা)
বিআরডিবি, ঢাকা।